

H. A.
স্বাক্ষর (সি.এ.
১৫/০২/২০২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- ৩৭.২৪.০০.০০০.২৮.০০১ (অংশ-৬).২০১৬-৫৬


তারিখ : ২১ মাঘ ১৪২৭
০৪ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ত্রুটিযুক্ত একাউন্ট নম্বর সংশোধন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র আওতায় ২০২০ সালে স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদানের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের মধ্যে কিছু সংখ্যক শিক্ষার্থী প্রবৃত্ত এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত হিসাব নম্বর (ব্যাংক হিসাব/বিকাশ/রকেট) ত্রুটিযুক্ত থাকায় সংশ্লিষ্ট শিক্ষার্থীর হিসাব নম্বরে উপবৃত্তির অর্থ প্রেরণ করা সম্ভব হচ্ছে না। যে সকল শিক্ষার্থীর ত্রুটিযুক্ত হিসাব পাওয়া গেছে তাদের তালিকা প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র ওয়েব সাইট (www.pmeat.gov.bd)-এ দেয়া হয়েছে।

ওয়েব সাইট থেকে তালিকা সংগ্রহ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষার্থীদের হিসাব নম্বর সংশোধনপূর্বক সঠিক হিসাব নম্বর প্রতিষ্ঠানের প্যাডে লিখিতভাবে আগামী ১০/০২/২০২১ তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে জমা দিবেন। উপবৃত্তির অর্থ বিতরণের সাথে যুক্ত প্রতিষ্ঠান হিসাবে বিকাশ/রকেট-এর স্থানীয় প্রতিনিধিগণ সঠিক হিসাব নম্বর সম্বলিত সংশোধিত তালিকা আগামী ১১ ফেব্রুয়ারির মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের নিকট থেকে সংগ্রহ করবেন। তার উপজেলার স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এ পত্রের কপি জরুরি ভিত্তিতে সরবরাহ এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে কোন শিক্ষার্থীর সঠিক হিসাব নম্বর না পাওয়ার কারণে উপবৃত্তির অর্থ প্রাপ্তিতে বঞ্চিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)/থানা
মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)/মেট্রো লিয়াজে
কর্মকর্তা (সকল)



- ০৪/০২/২০২১
(কাজী হাসিবুদ্দীন আহমেদ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ০২-৫৫০০০৪২৮

স্মারক নং- ৩৭.২৪.০০.০০০.২৮.০০১ (অংশ-৬).২০১৬- ৫৬

তারিখ : ২১ মাঘ ১৪২৭
০৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ৯/ডি, মিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
- ৫। ডিজিএম এবং শাখা প্রধান, অগ্রণী ব্যাংক লিঃ, জাতীয় প্রেসক্লাব কর্পোরেট শাখা, ঢাকা-১০০০।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, ডাচ বাংলা ব্যাংক লিঃ, সেনা কল্যাণ ভবন (৩য় তলা), ১৯৫ বি/এ, ঢাকা-১০০০।
- ৭। হেড অব পভার্টমেন্ট প্রজেক্ট এন্ড বিজনেস সেলস, বিকাশ লিঃ, স্বাধীনতা টাওয়ার, বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেট, ঢাকা-১২০৬।
- ৮। অধ্যক্ষ/সুপার.....।
- ৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সংরক্ষণ কপি।


- ০৪/০২/২০২১
(কাজী হাসিবুদ্দীন আহমেদ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)